



যোগদান পত্র

তারিখঃ / / ২০২১ খ্রিঃ

বরাবর,

আঞ্চলিক/জেলা/উপজেলা নির্বাচন কর্মকর্তা

.....
.....

বিষয়ঃ যোগদান পত্র গ্রহন প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে আমি নিম্ন স্বাক্ষরকারী বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের অধীনে “আইডেন্টিফিকেশন সিস্টেম ফর এনহ্যান্সিং একসেস টু সার্ভিসেস (আইডিইএ) প্রকল্প (২য় পর্যায়)” এর আওতায় **ডাটা এন্ট্রি অপারেটর** পদে আউটসোর্সিং এর মাধ্যমে মাছরাঙ্গা সিকিউরিটি সার্ভিসেস (প্রাঃ) লিঃ কর্তৃক প্রদত্ত নিয়োগ পত্রের স্মারক নং..... তারিখ অনুযায়ী নিম্নোক্ত শর্ত সাপেক্ষে যোগদান করতে ইচ্ছুক।

শর্তাবলীঃ

- আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর অধীনে মাসিক সেবা মূল্য মেট্রোপলিটন এলাকার জন্য ১৯,১১০/-, বিভাগীয় ও সিটি কর্পোরেশন এলাকার জন্য ১৮১২০/-, এবং জেলা ও উপজেলা পর্যায়ের জন্য ১৭৬৩০/- টাকা প্রাপ্য হইবেন এবং বিধি মোতাবেক আয়কর কর্তন করা হবে।
- ০১ নভেম্বর, ২০২১ হতে চুক্তিকালীন সময়ের জন্য আইডিইএ (২য় পর্যায়) প্রকল্পে চুক্তিকালীন সময়ে সার্বক্ষণিক নিয়োজিত থাকবেন। এই চুক্তিপত্রই মেয়াদ শেষে অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে। তবে সন্তোষজনক সেবা প্রদানের ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময় পর্যন্ত চাকুরির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। সরকারি চাকুরী সংক্রান্ত যে প্রবিধানিক ব্যবস্থা রয়েছে তৎসম্পর্কীয় অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে।
- সরকারি চাকুরী সংক্রান্ত যে প্রবিধানিক ব্যবস্থা রয়েছে তৎসম্পর্কীয় আচরণ বিধি এবং অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে।
- কর্তৃপক্ষ যে কোন সময় এক মাসের নোটিশে অথবা একমাসের বেতন প্রদান সাপেক্ষে এই নিয়োগপত্র বাতিল করতে পারবে এক্ষেত্রে প্রকল্প অফিসের নির্দেশনা অনুসরণ করা হবে। পক্ষান্তরে নিয়োগ প্রাপ্ত ব্যক্তি এক মাসের নোটিশ পূর্বক চাকুরী হতে অব্যাহতি নিতে পারবে।
- অনুমতি ব্যতিত অসুস্থতা বা অন্য কোন কারণে একটানা ০১(এক) মাস অনুপস্থিত থাকলে এই নিয়োগপত্র বাতিল হিসাবে গণ্য হবে।
- যা এই চুক্তিতে উল্লেখ করা হয়নি, তা এবং এরূপ অন্যান্য বিষয়ে প্রকল্পে নিয়োজিত চুক্তিভিত্তিক জনবল অস্থায়ী কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিসমূহের আওতাধীন থাকবে।
- আপনি এই চুক্তিকালীন অথবা চুক্তি শেষ হওয়ার ২ বছরের মধ্যে কর্তৃপক্ষের লিখিত সম্মতি ব্যতীত উক্ত প্রকল্পের কোন সত্ত্ব, গোপনীয় তথ্য, দায়িত্ব বা কার্যপদ্ধতি সম্পর্কিত কোন তথ্য কোথাও প্রকাশ করতে পারবেন না।
- দায়িত্ব পালনকালীন সময়ে আপনার দ্বারা প্রতিষ্ঠানের কার্যক্রমের কোন প্রকার গুরুতর অপরাধ সংঘটিত হলে অথবা প্রতিষ্ঠানের কোন গুরুত্বপূর্ণ সম্পদ চুরি বা খোয়া গেলে এর দায়-দায়িত্ব আপনাকেই নিতে হবে।
- দেশের যেকোন স্থানে দায়িত্ব পালনের জন্য প্রস্তুত থাকতে হবে। নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- যোগদানের সময় কর্তৃপক্ষকে এনআইডি ও সকল সনদের মূলকপি (শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণ সম্পর্কিত) অবশ্যই প্রদর্শন করতে হবে।
- গুপ বীমা কার্যক্রম নিয়োগকর্তার সম্পূর্ণ নিয়ন্ত্রণে থাকবে এবং বীমার প্রিমিয়াম ৫০% জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান এবং ৫০% কর্মকর্তা/কর্মচারী বহন করবে।
- যোগদানের ৩ মাসের মধ্যে অবশ্যই পুলিশ ক্লিয়ারেন্স এবং নিরাপত্তা সার্টিফিকেট কর্তৃপক্ষকে প্রদান করতে হবে।

অতএব, মহোদয়ের নিকট বিনীত আবেদন, অদ্য ইং তারিখে আমার যোগদান পত্র গ্রহন পূর্বক আপনার সুনাম ধন্য প্রতিষ্ঠানে কাজ করার সুযোগ প্রদানে আপনার সদয় মর্জি হয়।

বিনীত

সংশ্লিষ্ট অফিস কর্মকর্তার স্বাক্ষর

নাম :

নাম :

পিতার নাম :

পদবী :

ঠিকানা :

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- প্রকল্প পরিচালক, আইডেন্টিফিকেশন সিস্টেম ফর এনহ্যান্সিং একসেস টু সার্ভিসেস (আইডিইএ) প্রকল্প (২য় পর্যায়), নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক, মাছরাঙ্গা সিকিউরিটি সার্ভিসেস (প্রাঃ) লিঃ, ৩/৬, সেনপাড়া পর্বতা, মিরপুর-১০, ঢাকা।
- সংশ্লিষ্ট অফিস কপি।